

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪০১

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০

১২ নভেম্বর ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-১২৪৫১/২০২৩) বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শিক্ষক সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	আদালতের আদেশ/রায়	পরিচালনা কর্তৃপক্ষ
১.	১২৪৫১/২০২৩	সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি ও বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।	জনাব মো. আমিনুল ইসলাম, জ্যেষ্ঠ প্রভাষক [ভূগোল (সাময়িক বরখাস্তকৃত)], ভালুম আতাউর রহমান কান কলেজ, ধামরাই, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ১০ (দশ) জন।	"Pending disposal of the Rule, respondent 5 is directed to dispose of the representation of the petitioner dated 12.09.2023 as contained in Annexure-G to the writ petition within 02(two) months from the date of receipt of this order."	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর রিট পিটিশন নং-১২৪৫১/২০২৩ মামলার আদেশ/রায়ের আলোকে বাদীর আবেদন বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে মহামান্য হাইকোর্ট বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১২-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৪০১/১(৩)

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০

১২ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা



১২-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব